# শনিবার বিএনপির স্থায়ী কমিটির বৈঠক ডাকলেন তারেক রহমান




বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান দলটির স্থায়ী কমিটির বৈঠক আহ্বান করেছেন। আগামী শনিবার রাত ৮টা ৩০ মিনিটে গুলশানে অবস্থিত চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

শুক্রবার (৩ এপ্রিল) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবীর খান গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, বৈঠকে সভাপতিত্ব করবেন দলীয় চেয়ারম্যান তারেক রহমান নিজেই।

এর আগে সর্বশেষ গত ৯ জানুয়ারি বিএনপির স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছিল।

LENS ASIA